গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.doga.gov.bd

স্মারক নং- ২৫.৪৩.০০০০.০০০.০০১.৩১.০০০৩.১৬ - ৫৩৫ তারিখ: ২০ কার্তিক ১৪৩২ / ০৫ নভেম্বর ২০২৫

# বেসরকারি আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

সুপ্রিম কোর্ট অব বাংলাদেশ এর আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনালসহ নিম্ন আদালতে গৃহায়ন ও গণপূ মন্ত্রণালয়ের অধীনস্থ সরকারি আবাসন পরিদপ্তরে আওতাভুক্ত আবাসন/স্থানসহ স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতায় সরকারি বি আইনজীবীকে সহযোগিতা করার জন্য নিম্নে বর্ণিত ০২ (দুই) টি প্যাকেজে বেসরকারি আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী বি আইনজীবীগণের নিকট হতে আবদন/প্রস্তাব আহবান করা হলো:

(ক) আবেদন প্রক্রিয়াকরণ পদ্ধতি : পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-১৩৩: ব্যক্তিভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতি
(খ) অর্থের উৎস : রাজস্ব বাজেট
(গ) আবেদনের শেষ তারিখ ও সময় : ৩০ নভেম্বর ২০২৫, দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত
(ঘ) কাজের ধরনের ভিত্তিতে

প্যাকেজ-১: বেসরকারি আইনজীবী (সিনিয়র)
প্যাকেজ-২: বেসরকারি আইনজীবী (জুনিয়র)

(ঙ) আবেদন পদ্ধতি:
আবেদন সহায়ক ডকুমেন্ট (শর্তাবলি/যোগ্যতা, কার্যপরিধি, অনুমোদিত সম্মানী-ফি'র তালিকাসহ সহায়ক বিষয়) ও ফরমেট এ কার্যালয়ে ওয়েবসাইট- www.doga.gov.bd হতে ডাইনলোড করে অথবা একই ছকে প্রস্তুতপূর্বক নিজে পূরণ করে আবেদন/প্রস্তাব আবদ্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম-ঠিকানা ও প্যাকেজের নামে সুস্পষ্ট করে উল্লেখসহ) আগামী ৩০-১১-২০২৫ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা মধ্যে সরাসরি/ডাকযোগে নিচের ঠিকানায় পৌছাতে হবে। বর্ণিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য নয়। নির্ধারিত সময়ের প প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদন পৌছানোর ঠিকানা

পরিচালক
সরকারি আবাসন পরিদপ্তর
পুরাতন ভবন-১ (২য় তলা), কক্ষ-১০৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/১১/২৫
(মো: আসাদুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স: +০২-৯৫৪৬৪৬৩
director@doga.gov.bd

CamScanner

# বেসরকারি আইনজীবীগণের কর্মপরিধি (Terms of Reference)

১. নিয়োগকৃত আইনজীবীগণ সরকারি আবাসন পরিদপ্তরে পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন।

২. নিয়োগকৃত আইনজীবী/আইনজীবীগণ সরকারি আবাসন পরিদপ্তরের স্বার্থ রয়েছে, এমন মামলায় এ পরিদপ্তরের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৩. নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী/আইনজীবীগণকে সরকারি আবাসন পরিদপ্তরের নির্দেশনামতে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

৪. সরকারি স্বার্থ রক্ষার্থে মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে।

৫. নিযুক্ত বিজ্ঞ বেসরকারি আইনজীবী তাঁর নিকট হস্তান্তরিত যে কোন মামলা, যে কোন সময় কর্তৃপক্ষ (সরকারি আবাসন পরিদপ্তর) নির্দেশ দিলে উক্ত মামলার কাগজপত্র/ দলিলাদি/অনাপত্তিপত্রসহ অন্য আইনজীবীর নিকট অনতিবিলম্বে হস্তান্তর করবেন।

৬. সরকারি আবাসন পরিদপ্তরের নিয়োগকৃত আইনজীবী থাকাকালীন কোন বিজ্ঞ বেসরকারি আইনজীবী এ দপ্তরের মামলা সংক্রান্ত কোন বিষয়ে সরকারি আবাসন পরিদপ্তরের প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত/পরামর্শ প্রদান কিংবা এ দপ্তরের বিপক্ষে কোন আদালতে কোন মামলা পরিচালনা করতে পারবেন না।

৭. সরকারি আবাসন পরিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে থেকে এ দপ্তর সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে এ দপ্তর সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিযুক্ত বেসরকারি আইনজীবীর আন্তরিকতার অভাব কিংবা যথাযথ তদারকির ত্রুটির কারণে সরকার পক্ষ কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট তাঁর জবাবদিহি থাকবে।

৮. নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবীর নিকট হস্তান্তরিত সকল মামলার তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারভুক্ত (ডাটাবেজ) করেবেন। প্রতিটি অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের নির্ধারিত তারিখে পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তরকে অবহিত করতে হবে।

৯. নিয়োগকৃত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে, নিযুক্ত আইনজীবী এই টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। তালিকায় উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোন খাতে কোন অর্থ/বিল প্রাপ্য হবেন না বা কোন প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১০. নিয়োগকৃত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু নিয়োগকৃত থাকার কারণে কোন বিজ্ঞ আইনজীবী কোন প্রকার সম্মানী/ফি অথবা কোন প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১১. হাইকোর্ট বিভাগে বিচারের জন্য কজলিস্টে সিরিয়াল ১৫০ এর মধ্যে থাকা মামলার ক্ষেত্রে শুনানি হলে শুনানি ফি এবং শুনানি না হলে 'Appearance' ফি হিসেবে বিজ্ঞ আইনজীবীর বিল পরিশোধ করা হবে। কজলিস্টে সিরিয়াল ১৫০ এর বেশি হলে কোনরূপ ফি/সম্মানী পরিশোধ করা হবে না।

১২. নিয়োগকৃত আইনজীবীর ফি/সম্মানী হতে বিধিমোতাবেক সরকারি কর্তনসমূহ আদায় করা হবে।

১৩. নিয়োগকৃত বিজ্ঞ বেসরকারি আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোন তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি, সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোন বিশেষ তথ্য না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বা সরকারি আবাসন পরিদপ্তরের বিপক্ষে কার্যরত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনরূপে অবহিত করতে পারবেন না।

১৪. কোন নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী অব্যাহতি চাইলে অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে সরকারি আবাসন পরিদপ্তরকে অবহিত করবেন।

১৫. নিয়োগকারী (পরিদপ্তর) চাইলে যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের বিজ্ঞপ্তি প্রদান করে নিয়োগকৃত অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত যে কোন এক বা একাধিক বিজ্ঞ বেসরকারি আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে।

CamScanner

৭৫
১৩৫

## বেসরকারি আইনজীবী নিয়োগ শর্তাবলী:

| | |
|---|---|
| ০১. | সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত আবেদন ফরম (নিয়মাবলীসহ), আবেদনের শর্তাবলী, কার্যপরিধি ইত্যাদি সরকারি আবাসন পরিদপ্তরের ওয়েবসাইটে (www.doga.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড করে অথবা একই ছকে নিজে প্রস্তুতপূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদন করা যাবে। ফরমের নিচে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে আবেদন/প্রস্তাব দাখিল করতে হবে। |
| ০২. | সরকারি আবাসন পরিদপ্তর প্রয়োজন অনুযায়ী নিয়োগকৃত আইনজীবীগণ হতে মামলার গুরুত্ব বিবেচনায় এক বা একাধিক আইনজীবী নিয়োগ করবে। |
| ০৩. | নিয়োগকৃত আইনজীবীগণ সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসা/বাড়ি/গ্যারেজ/দোকানসহ এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। |
| ০৪. | সরকারি আবাসন পরিদপ্তর স্বার্থ রয়েছে, এমন মামলায় সরকারি আবাসন পরিদপ্তর বিপক্ষে নিয়োগকৃত আইনজীবীগণ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। |
| ০৫. | যোগ্যতা অনুযায়ী একজন আইনজীবী একাধিক প্যানেলে পৃথকভাবে আবেদন করতে পারবেন। প্রতিটি প্যাকেজের জন্য নিয়োগকৃত আইনজীবীর সংখ্যা নিয়োগকারী কর্তৃপক্ষ (সরকারি আবাসন পরিদপ্তর) নির্ধারণ করবেন। |
| ০৬. | **বেসরকারি আইনজীবী (জুনিয়র)**-এর জন্য অ্যাডভোকেট হিসেবে হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের পরে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং **বেসরকারি আইনজীবী (সিনিয়র)** নিয়োগের জন্য আপিল বিভাগে এনরোলমেন্টসহ উভয় বিভাগে কমপক্ষে মোট ১০ (দশ) বছরের অ্যাডভোকেসি'র অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭. | অন্য কোন প্রতিষ্ঠানে বেসরকারি আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে। |
| ০৮. | আবেদনকারীর বয়স --/---/২০২৫ তারিখে ৬৫ (পয়ষট্টি) বছর বা তার কম হতে হবে। |
| ০৯. | নিয়োগকৃত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। উক্ত সম্মানী/ফি'র ওপর সরকারি বিভিন্ন কর/ফি কর্তনাদি প্রযোজ্য হবে। |
| ১০. | নিয়োগকৃত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে, কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু নিয়োগকৃত থাকার কারণে কোন বিজ্ঞ আইনজীবী কোন প্রকার সম্মানী/ফি অথবা মাসিক ভাতা প্রাপ্য হবেন না। |
| ১১. | নিয়োগের জন্য মনোনীত আইনজীবীগণকে সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত **দ্বিপাক্ষিক চুক্তিনামায়** স্বাক্ষর করতে হবে। |
| ১২. | আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত সনদ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ১৩. | নিযুক্ত বেসরকারি আইনজীবী নিয়োগের তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে, তবে সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষর সাপেক্ষ নতুন মেয়াদে তা কার্যকর হবে। |
| ১৪. | কোন নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী অব্যাহতি চাইলে অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে সরকারি আবাসন পরিদপ্তরকে অবহিত করবেন। |
| ১৫. | নিয়োগকারী (সরকারি আবাসন পরিদপ্তর) চাইলে যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে নিয়োগকৃত যে কোন এক বা একাধিক বিজ্ঞ আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে। |
| ১৬. | অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |
| ১৭. | নিয়োগের জন্য দাখিলকৃত যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার এখতিয়ার সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |

CS CamScanner

**সরকারি আবাসন পরিদপ্তরের বেসরকারি আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন ফরম (প্রস্তাব পত্র)**

| | |
|---|---|
| ০১. আবেদনকারীর নাম: | |
| ০২. পিতার নাম: | |
| ০৩. মাতার নাম: | |
| ০৪. জন্ম তারিখ: | |
| ০৫. --/--/২০২৫ খ্রি. তারিখে বয়স: | |
| ০৬. স্থায়ী ঠিকানা: | |
| ০৭. বর্তমান/যোগাযোগের ঠিকানা: | |
| ০৮. চেম্বার/অফিসের ঠিকানা: | |
| ০৯. যে প্যাকেজে তালিকাভুক্ত হতে আগ্রহী: | |
| ১০. অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেলভুক্ত কি না: | |
| ১০. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা (আইন বিষয়সহ): | |
| ১১. নিম্ন আদালতে প্র্যাকটিসের অভিজ্ঞতা: (নিম্ন আদালতের নিয়োগের ক্ষেত্রে) | |
| ১২. হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখ: (হাইকোর্ট বিভাগে নিয়োগের ক্ষেত্রে) | |
| ১৩. হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা: | |
| ১৪. আপিল বিভাগে এনরোলমেন্টের তারিখ: (আপিল বিভাগে নিয়োগের ক্ষেত্রে) | |
| ১৫. আপিল বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা: | |
| ১৬. বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে): | |
| ১৭. পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত মামলা পরিচালনার অভিজ্ঞতা (যদি থাকে, প্রমাণক হিসেবে এ সংক্রান্ত মামলার রায় সংযুক্ত করতে হবে): | |
| ১৮. ফোন/মোবাইল নম্বর: | |
| ১৯. ইমেইল: | |
| ২০. আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সিল (seal) | |

**(** সাধারণ ও আইন বিষয়ক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে**)**

CamScanner